দেশের মর্যাদা বাড়াবে ই-পাসপোর্ট

ই-পাসপোর্ট
ই-পাসপোর্ট ব্যবস্থা চালু হওয়ার মাধ্যমে বাংলাদেশ নতুন এক যুগে প্রবেশ করেছে। দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে ই-পাসপোর্ট চালু করেছে বাংলাদেশ, যা এ দেশকে আলাদা এক মর্যাদায় নিয়ে যাবে। বহুদিনের স্বপ্ন ছিল আমাদের। অবশেষে মাননীয় প্রধানমন্ত্রী গত ২২ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে ই-পাসপোর্টের সূচনা করেছেন। এর মাধ্যমে বাংলাদেশকে আধুনিক করার যে প্রত্যয় তিনি গ্রহণ করেছেন, তা একধাপ এগিয়ে গেছে। সারা বিশ্ব আজ আধুনিক হচ্ছে, তাহলে কেন পিছিয়ে থাকব আমরা? বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে আমাদেরও আধুনিক হতে হবে।

বিভিন্ন পত্রপত্রিকা ইতিমধ্যে ই-পাসপোর্টের সুবিধা, নিয়মকানুন ও আবেদনের প্রক্রিয়া সংক্রান্ত তথ্য প্রকাশ করেছে। বাড়তি ঝুটঝামেলা ছাড়াই অনলাইনে আবেদন করতে পারবেন আগ্রহীরা। ই-পাসপোর্ট আসলে কেমন হবে এ নিয়ে জল্পনাকল্পনার শেষ নেই। একটি জাতীয় পত্রিকা মারফত জানলাম, বর্তমানে মেশিন রিডেবল পাসপোর্টের (এমআরপি) মতোই একই রকমের থাকবে ই-পাসপোর্টের বই।

তবে এমআরপি’র বইয়ে প্রথমে যে তথ্য সংবলিত দুটি পাতা থাকে, ই-পাসপোর্টে তা থাকবে না। সেখানে বরং পলিমারের তৈরি একটি কার্ড ও অ্যান্টেনা থাকবে। সেই কার্ডের ভেতরে চিপ থাকবে, যেখানে পাসপোর্ট বাহকের সব তথ্য সংরক্ষিত থাকবে। ডাটাবেজে থাকবে পাসপোর্টধারীর তিন ধরনের ছবি, ১০ আঙ্গুলের ছাপ ও চোখের আইরিশ। ফলে যে কোনো দেশের কর্তৃপক্ষ সহজেই ভ্রমণকারী সম্পর্কে সব তথ্য জানতে পারবেন।

ডিজিটাল ব্যবস্থা ও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে ই-পাসপোর্ট তৈরি করা হয়েছে। ই-পাসপোর্ট উদ্বোধনকালে প্রধানমন্ত্রী নিজেই বলেছেন, ই-পাসপোর্ট প্রকল্পের মধ্য দিয়ে বাংলাদেশ আরও একধাপ এগিয়ে যাবে। এটি চালুর ফলে বিশ্বে বাংলাদেশের গ্রহণযোগ্যতা বাড়বে। ই-পাসপোর্টের মাধ্যমে জাল পাসপোর্টের সমস্যা দূর হবে। অন্যদিকে প্রবাসীসহ বিদেশগামীদের হয়রানির শিকার হতে হবে না।

ই-পাসপোর্টের সবচেয়ে বড় সুবিধা হল, আগের এমআরপি পাসপোর্ট বহনকারীদের ভিসা চেক করার জন্য এয়ারপোর্টে ঘণ্টার পর ঘণ্টা দীর্ঘ লাইনে দাঁড়াতে হতো। ই-পাসপোর্টের মাধ্যমে সহজেই ই-গেট পার হওয়া যাবে। ই-গেটের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট রেখে দাঁড়ালে ক্যামেরা ছবি তুলে নেবে। থাকবে ফিঙ্গার প্রিন্ট যাচাইয়ের ব্যবস্থাও। সব ঠিক থাকলে ভ্রমণকারী সহজেই ইমিগ্রেশন পেরিয়ে যেতে পারবেন। যদি পাসপোর্টে কোনো সমস্যা হয়ে থাকে, তাহলে গেটে অটোমেটিক লাল বাতি জ্বলে উঠবে। আরেকটি বড় সুবিধা হল, ই-পাসপোর্টের মেয়াদ বাড়ানো হয়েছে। সাধারণ পাসপোর্টের মেয়াদ ছিল পাঁচ বছর। ই-পাসপোর্টের মেয়াদ সর্বোচ্চ ১০ বছর করা হয়েছে। আগে পাসপোর্টের জন্য আবেদন করার পর দীর্ঘ সময় অপেক্ষা করতে হতো। ই-পাসপোর্টের ক্ষেত্রে এ সমস্যার সমাধান হবে আশা করা যাচ্ছে।

এ বছর ১৭ মার্চ বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষ পালন করছে পুরো দেশ। বলা যায়, মুজিববর্ষ পালন উপলক্ষে জনগণের জন্য সরকারের উপহার এই ই-পাসপোর্ট। উন্নত পাসপোর্ট একটি উন্নত রাষ্ট্রের পরিচয় বহন করে। বিশ্বের বিভিন্ন দেশ ভিসা প্রদানে আগ্রহী কিনা তা অনেকটা আধুনিক পাসপোর্টের ওপর নির্ভর করে। যে দেশ যত উন্নত সেদেশের পাসপোর্ট তত উন্নত। বাংলাদেশ সরকার পাসপোর্ট আধুনিকায়নের যে প্রকল্প হাতে নিয়েছে তা সাফল্যমণ্ডিত হোক, এই কামনা করছি।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-নিজে নন, স্বামীকে এমপি বানাতে চান নায়িকা শাবানা

র্যাবের অভিযানে এ পর্যন্ত শতাধিক মাদক কারবারী নিহত: স্বরাষ্ট্রমন্ত্রী

সারাদেশে র্যাবের অভিযানে এ পর্যন্ত ১০৬ জন নিহত হয়েছেন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

বুধবার দুপুরে পতেঙ্গা র্যাব-৭ সদর দফতর সংলগ্ন এলিট হলে আয়োজিত মাদক ধ্বংস ও মাদকবিরোধী প্রচারণা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দেশে মাদক নির্মূলে কাজ করছে আইনশৃঙ্খলা বাহিনী। মাদক, জঙ্গিবাদ নির্মূলে দক্ষতার পরিচয় দিয়েছে আমাদের র্যাব ও পুলিশ বাহিনী।

তিনি বলেন, মাদক একটি ভয়ংকর নেশা। যিনি একবার এ সর্বনাশা নেশায় আসক্ত হন তিনি আর বের হতে পারেন না। ভবিষ্যত প্রজন্ম যাতে মাদক ও জঙ্গিবাদে না জড়ায় সেটি নিয়ে কাজ করছি। দেশে ইয়াবা প্রবেশের প্রধান রুট কক্সবাজার। সেখানেও র্যাব, পুলিশ, বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনীর তৎপরতায় তা কমে এসেছে।

এ সময় চট্টগ্রাম বন্দরে ২০১৫ সালে আটক হওয়া দুই ড্রাম কোকেন ও ১০৫ ড্রাম সূর্যমুখী তেল মাটিচাপা দেয়া হয়। এ কোকেনের বাজারমূল্য প্রায় ৯ হাজার কোটি টাকা বলে জানিয়েছে র্যাব।

চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের পক্ষে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আবু সালেম মোহাম্মদ নোমান ও চট্টগ্রাম বন্দরের পক্ষে সহকারী ব্যবস্থাপক (এস্টেট) রায়হান উদ্দিন মাদক ধ্বংস কার্যক্রম তদারকি করেন।

অনুষ্ঠানে পতেঙ্গা এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ১ হাজার শিক্ষার্থীর মাঝে বঙ্গবন্ধুর আত্মজীবনী, মাদক ও জঙ্গিবাদ বিরোধী বই বিতরণ করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-অভিশংসন: অল্পের জন্য রেহাই পেলেন ট্রাম্প

প্রতিমন্ত্রীকে অবাঞ্চিত করার হুঁশিয়ারি, ডিসিকে নিরপেক্ষ থাকার আহবান

মেহেরপুর শহর আওয়ামী লীগ আয়োজিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে নানা মাত্রিক কর্মসূচী বিষয়ক বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। বর্ধিত সভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপিকে অবাঞ্চিত করার হুঁশিয়ারিসহ তার বিরুদ্ধে বিষেদাগারমুলক বক্তব্য প্রদান করেন আওয়ামী লীগ নেতৃবন্দরা। একই সঙ্গে মেহেরপুর জেলা প্রশাসককে কালা জাহাঙ্গীর আখ্যা দিয়ে তাঁকে সরকারি কর্মকর্তা হিসেবে নিরপেক্ষ দায়িত্ব পালন করার আহবান জানান।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর কমিউনিটি সেন্টার মিলনায়তনে এ বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামের সভাপতিত্বে বিশেষ বর্ধিত সভায় বক্তব্য দেন জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা সদস্য আশকার আলী, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রব, জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন।

সভাপতির বক্তব্যে মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম বলেন, ‘মন্ত্রী যখন আসেন তার দুই দিন আগে থেকে সার্কিট হাউজে বাজার বসে। বিভিন্ন জেলার ডিসি, এডিসিরা আসেন মন্ত্রীর সাথে সাক্ষাৎ করতে। তদবিরের জন্য আসেন। জেলা প্রশাসককে উদ্দেশ্যে করে আমাকে এক পুলিশ সুপার বলেছিলেন মেহেরপুরে তো একজন কালা জাহাঙ্গীর আছে। তিনি সারাদেশে

বিআরটিএ অফিসের চিত্র: নিজের লোকের কাছে আড়াই, অন্য কেউ হলে তিন হাজার

আপনি নিজের লোক বলে আড়াই হাজার বললাম, অন্য কেউ হলে তিন হাজার বলতাম। এসব কাজে তিন হাজারই লাগে। বিভিন্ন খরচপাতি আছে চুয়াডাঙ্গাসহ বিভিন্ন যায়গায় ছুটাছুটি করতে হয় সব মিলিয়ে হাজার তিনেক মত খরচ হয়। এভাবেই বিভিন্ন কায়দা কৌশলে মোটরসাইকেলের লাইসেন্স ফাইল জমার জন্য সাধারণ গ্রাহকের নিকট হতে হাতিয়ে নিচ্ছে মেহেরপুর আঞ্চলিক বিআরটিএ অফিসের মাষ্টাররোলে কর্মরত রাসেল ও মেজবাহ উদ্দিন।

ভুক্তভোগী রায়হান মোটরসাইকেলের নাম্বার প্লেট পাওয়ার জন্য কাগজ জমা দিতে এসে এই হয়রানির স্বিকার হয়। বিভিন্ন কারন দেখিয়ে তার কাছে থেকে প্রথমে তিন হাজার পরে নিজের লোক বলে আড়াই হাজার টাকা দাবি করে রাসেল তার সাথে সম্মতি দেয় মেজবাহ উদ্দিন।

মেহেরপুর বিআরটিএ অফিসে নিয়মিত ভ্রাম্যমাণ অভিযান চালিয়েও গ্রাহক হয়রানি কোনভাবেই বন্ধ হচ্ছে না।
বিআরটিএ নির্ধারিত রেজিট্রেশন ফি জমা দেওয়ার পরও অতিরিক্ত আড়াই থেকে তিন হাজার টাকা দিতে হচ্ছে বিআরটি অফিসে। টাকা না দিলে কাল আসেন পরশু আসেন বলে হয়রানি করা হচ্ছে গ্রাহকদের।

এ বিষয়ে রাসেল এর সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, আমি কারও কাছে টাকা চাইনি। আমার যারা এসেছিল তাদের বলেছি শো-রুমে যোগাযোগ করতে। ব্যাংকের মাধ্যমে টাকা জমা দেওয়ার পরও শো-রুমের সাথে কেন যোগাযোগ করতে হবে জানতে চাইলে রাসেল বলেন, এটি নতুন নিয়ম চালু হয়েছে।

মেজবাহ উদ্দিন এর সাথে যোগাযোগ করলে তিনি প্রথমে রাসেলকে চেনেন

না বলে জানান। পরে টাকার নিতে চাওয়ার কথা অস্বিকার করেন।

মেহেরপুর বিআরটিএ’র আঞ্চলিক কর্মকর্তা সালাউদ্দিন প্রিন্স এর সাথে বেশ কয়েকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

চুয়াডাঙ্গা আঞ্চলিক অতিরিক্ত পরিচালক আতিয়ার রহমান জানান, রাসেল ও মেজবাহ উদ্দিনকে আমি চিনি না। এরা বিআরটিএ’র অফিসিয়াল কেউ না। মোটরসাইকেলের কাগজ জমা নেওয়ার ক্ষেত্রে তাদের কোন ধরনের হস্তক্ষেপ করার অধিকার নেই। টাকা নেওয়ার অভিযোগ যদি সত্যি হয় তবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/ইএম

আরো পড়ুন: সেই স্কুলের তিন শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় মামলা

প্রধানমন্ত্রী ইতালি সফরে যাচ্ছেন আজ

ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চার দিনের সফরে আজ মঙ্গলবার সকালে রোমের উদ্দেশে রওনা হবেন। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট ইতালির রাজধানী রোমের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে।

বিমানটি স্থানীয় সময় বিকাল সোয়া ৪টায় রোমের ফিয়ামিসিনো বিমানবন্দরে অবতরণ করবে। মিনিস্টার প্লেনিপোটেনসিয়ারি অব ইটালিয়ান ফরেন মিনিস্ট্রি এবং ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবদুস সোবহান সিকদার প্রধানমন্ত্রীকে বিমানবন্দরে অভ্যর্থনা জানাবেন।

বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে মোটর শোভাযাত্রাসহকারে প্রধানমন্ত্রীকে পার্কো দেই প্রিন্সিপি গ্র্যান্ড হোটেল অ্যান্ড স্পায় নিয়ে যাওয়া হবে। ইতালির রাজধানীতে সফরকালে তিনি

সেখানে অবস্থান করবেন।

শেখ হাসিনা একই দিন সন্ধ্যায় তার সম্মানে একটি সংবর্ধনায় যোগ দেবেন।

৫ ফেব্রুয়ারি সকালে তিনি রোমের ‘ভায়া ডেল’ এন্টারটাইড এলাকায় বাংলাদেশ দূতাবাসের চ্যান্সরি ভবন উদ্বোধন করবেন। বিকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন এবং ইতালির প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন পালাজো চিগিতে আনুষ্ঠানিক মধ্যাহ্নভোজে যোগ দেবেন। দুই নেতা সম্মেলনে দ্বিপক্ষীয় সার্বিক ইস্যুগুলোর পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে।

পরে ইতালীয় ব্যবসায়িক সংস্থাগুলোর প্রতিনিধিরা পার্কো দেই প্রিন্সিপি গ্র্যান্ড হোটেল অ্যান্ড স্পায় বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন। প্রধানমন্ত্রী পরে ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আয়োজিত নৈশভোজে অংশ নেবেন। ৬ ফেব্রুয়ারি সকালে শেখ হাসিনা পোপ ফ্রান্সিসের সঙ্গে সাক্ষাৎ করবেন। পরে প্রধানমন্ত্রী ট্রেনে রোম থেকে ইতালির মিলান শহরের উদ্দেশে যাত্রা করবেন এবং স্থানীয় সময় বিকাল ৪টায় সেখানে পৌঁছবেন।

প্রধানমন্ত্রী ৭ ফেব্রুয়ারি স্থানীয় সময় দুপুর ১টা ৪০ মিনিটে আমিরাত এয়ারলাইন্সের একটি বিমানে মিলান মালপেন্সা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দেশের উদ্দেশে রওনা হবেন। ৮ ফেব্রুয়ারি দুবাই হয়ে বাংলাদেশ সময় সকাল ৮টা ১০ মিনিটে প্রধানমন্ত্রী ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবেন।

এদিকে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরকালে ঢাকা ও রোমের মধ্যে তিনটি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হতে পারে। রোববার পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের বলেন, ইতালির হাতে তিনটি খসড়া চুক্তি রয়েছে।

তারা যদি প্রধানমন্ত্রীর সফরকালের মধ্যে এগুলো চূড়ান্ত করতে পারে, তবে এ সফরকালে চুক্তিগুলো স্বাক্ষরিত হবে। মোমেন আরও বলেন, প্রস্তাবিত চুক্তিগুলোর মধ্যে রয়েছে সাংস্কৃতিক বিনিময়, রাজনৈতিক আলোচনা এবং কূটনৈতিক ক্ষেত্রে সহযোগিতা।

পরপর তিনবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর ইউরোপের কোনো দেশে শেখ হাসিনার এটাই প্রথম সফর উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী আশা প্রকাশ করেন, তার এই সফর বাংলাদেশের অর্থনীতি ও এর চলমান উন্নয়নের জন্য লাভজনক হবে।

তিনি আরও বলেন, আমরা সফরটিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করছি। কারণ এ সফরে বাংলাদেশে ইতালীয় উদ্যোক্তাদের নতুন বিনিয়োগের সন্ধান, ইতালিতে আরও বিভিন্ন পণ্য রফতানি এবং দক্ষ জনশক্তি রফতানির ক্ষেত্র অনুসন্ধান করার প্রয়াস চালানো হবে।

উল্লেখ্য, ইতালি বাংলাদেশের অন্যতম বৃহত্তম ব্যবসায়িক অংশীদার। দেশটিতে দুই লাখের বেশি বাংলাদেশি বসবাস করেন।

সুত্র-যুগান্তর

বঙ্গবন্ধু হত্যার পথ তৈরি করেছিলেন ইনু: জাতীয় সংসদে ফিরোজ রশীদ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যার পেছনে এবার জাতীয় সমাজতান্ত্রিক দল- জাসদ সভাপতি হাসানুল হক ইনুর দিকে ইঙ্গিত করলেন বিরোধী দল জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য কাজী ফিরোজ রশীদ। ধর্ষকদের শাস্তি ক্রসফায়ার দাবি করে সংসদে বক্তব্য দিয়েছিলেন কাজী ফিরোজ রশীদ।

রোববার সেই বক্তব্যের সমালোচনা করেন হাসানুল হক ইনু। এর জবাব দিতে গিয়ে কাজী ফিরোজ রশীদ বলেছেন, আপনারা আওয়ামী লীগ,

ছাত্রলীগের কত লোক গুলি করে মেরেছিলেন? হাজার হাজার কর্মীকে মেরেছিলেন। বঙ্গবন্ধুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। থানা, ফাঁড়ি লুট করেছিলেন। সেদিন যদি আপনারা এগুলো না করতেন বঙ্গবন্ধুকে মারার দুঃসাহস কেউ করত না। আপনারা বঙ্গবন্ধুকে মারার পথ তৈরি করে দিয়েছিলেন।

সোমবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে এভাবেই কড়া জবাব দেন ফিরোজ রশীদ। তিনি আরও বলেন, মুজিববর্ষে গ্রামবাংলার সকল রাস্তাঘাট, ব্রিজ, স্কুল-কলেজ মুক্তিযোদ্ধাদের নামে করার দাবি জানিয়ে বলেন, এটা করলে আগামী প্রজন্ম জানতে পারবে বঙ্গবন্ধুর ডাকে কারা সেদিন মুক্তিযুদ্ধে গিয়েছিল। ইতিহাস থেকে মুক্তিযোদ্ধাদের নাম কেউ মুছে ফেলতে পারবে না।

ফিরোজ রশীদ বলেন, সরকারের অনেক উন্নয়ন হয়েছে কিন্তু উন্নয়নের সফলতা ম্লান হয়ে গেছে আর্থিক খাতে সীমাহীন অনিয়ম এবং দুর্নীতিতে। সব থেকে বেশি দুর্নীতি হচ্ছে ব্যাংকিং খাতে। ব্যাংকিং খাতে একটা হরিলুট হয়েছে। তিনি বলেন, পাহাড়সমান দুর্নীতির অভিযোগ প্রশান্তের বিরুদ্ধে।

প্রশান্ত কুমার হালদার ৫ হাজার কোটি টাকা নিয়ে উধাও হয়ে গেছেন। উনি এনআরবি গ্লোবাল ব্যাংকের এমডি। এই রাজকুমারের এখানে ৩ হাজার কোটি টাকা পাওয়া গেছে। সাড়ে ৩ হাজার কোটি টাকা বাংলাদেশ থেকে পাচার করা হয়েছে।

কাজী ফিরোজ রশীদ বলেন, সুপ্রিমকোর্টের একজন বিচারপতির নেতৃত্বে একটা উচ্চ পর্যায়ের কমিশন বসিয়ে তদন্ত করে বের করা হোক এই সকল ভাগ্যবান ব্যক্তি কারা? যারা জনগণের ব্যাংকে গচ্ছিত টাকা নিয়ে গেছেন।

নারী ও শিশু ধর্ষণের চিত্র তুলে ধরে কাজী ফিরোজ রশীদ বলেন, সারাদেশে শিশু-নারী-প্রতিবন্ধী ধর্ষণের শিকার হচ্ছে। বাসযাত্রীকে ধর্ষণ করে হত্যা করা হচ্ছে। নিষ্পাপ শিশুদের ধর্ষণ করে হত্যা করা হচ্ছে। প্রতিমাসে ৮৪ জন শিশু ধর্ষণের শিকার হচ্ছে। গত বছর ৫ হাজার ৪০০ নারী ও ৮০০ শিশু ধর্ষণের শিকার।

এর মধ্যে মারা গেছে ২ হাজার ৮০০ জন। কয়েকদিন আগে সংসদে ‘পয়েন্ট অব অর্ডারে’ দাঁড়িয়ে ধর্ষকদের শাস্তি একমাত্র ক্রসফায়ার ও গুলি করে হত্যার দাবির প্রেক্ষাপট বর্ণনা করে তিনি বলেন, সেদিন

অত্যন্ত আবেগতাড়িত হয়ে ধর্ষকদের ওপর গুলি চালানোর কথা বলেছিলাম। কিন্তু আমাদের এখান থেকেই একজন সংসদ সদস্য (হাসানুল হক ইনু) এটার বিরাট ফিরিস্তি দিলেন। যে এইটা মহাপাপ। আমরা এখানে আলোচনা করতে পারি না। কাজী ফিরোজ রশীদ বলেন, আমি কি চাই?

সব ধর্ষকের শাস্তি নিশ্চিত করতে একটা কঠোর আইন করতে হবে। যাতে ধর্ষকদের ৯০ দিনের মধ্যে স্পেশাল ট্রাইব–◌্যনালে বিচার করে সর্বোচ্চ শাস্তি দেয়া যায়। তা না হলে সাক্ষী নেই, শিশুকে হত্যা করা হচ্ছে কেউ সাক্ষী দিতে চায় না। ১ শতাংশ লোকেরও বিচার হয় না। সাক্ষীর অভাবে বিচারের দীর্ঘসূত্রতা।

এজন্য আমরা চাই একটা ত্বরিত ব্যবস্থা করতে, আইন করতে। দুঃখ লাগে কিছু মানবাধিকার কর্মী বাইরে বলেছেন কেন সংসদে গুলির কথা বললাম। এ নিয়ে অনেক বাহাস করেছেন, আমি ওইভাবে মিন করিনি। কিন্তু তারপর বলছি কঠোর শাস্তি হোক। তিনি প্রশ্ন রেখে বলেন, যেদিন নিষ্পাপ শিশু শেখ রাসেলকে হত্যা করল সেদিন কেউ একটা কথা বলেন নাই। সে তো শিশু ছিল, রাসেল সে তো রাষ্ট্রক্ষমতায় ছিল না, সেদিন কিন্তু মানবাধিকার কর্মীরা কোনো কথা বলে নাই।

ইনুর নাম উল্লেখ করে বলেন, ‘আমার বন্ধু ইনু সাহেব এখানে কথা বলেছেন, কালকে তিনি কথা বলে চলে গেলেন। আমি তাকে পাল্টা প্রশ্ন করি আপনারা কত লোক মেরেছিলেন গুলি করে? আওয়ামী লীগের, ছাত্রলীগের? হাজার হাজার কর্মীকে মেরেছিলেন। বঙ্গবন্ধুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন।

থানা, ফাঁড়ি লুট করেছিলেন। সেদিন যদি আপনারা এগুলো না করতেন বঙ্গবন্ধুকে মারার দুঃসাহস কেউ করত না। আপনারা মারার পথ রচনা করে দিয়েছিলেন। আমি একটা কথা বলেছি সেটা আমার অশুদ্ধ হয়ে গেছে। উনি গুলির বিরুদ্ধে কথা বললেন। ওনারা যে কথা বলেন কান্নাকাটি করেন ওনাদের ভাষা বুঝি।’

সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

প্রশ্ন ফাঁস ঠেকাতেই এবার ২৭৯০ সেট প্রশ্ন: শিক্ষামন্ত্রী

রাজধানীর তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। ছবি: সংগৃহীত
সারাদেশে শুরু হওয়া মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষায় প্রশ্ন ফাঁসের গুজব গ্রাহ্য না করার পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেছেন, কেউ যাতে প্রশ্ন ফাঁস করতে না পারে, সেজন্য এবার ২ হাজার ৭৯০ সেট প্রশ্ন ছাপানো হয়েছে।

সোমবার রাজধানীর তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, কেউ যেন প্রশ্ন ফাঁস করতে না পারে, সেজন্য এবার ৫ হাজার ৫৮০ সেট প্রশ্ন প্রণয়ন করার কথা ছিল। কিন্তু শেষ পর্যন্ত ২ হাজার ৭৯০ সেট প্রশ্ন ছাপানো হয়েছে। সুতরাং প্রশ্ন ফাঁসের সুযোগ নেই।

এসএসসি ও সমমান পরীক্ষায় রাজনৈতিক কোনো প্রভাব পড়বে না বলেও আশা প্রকাশ করেন দীপু মনি। বলেন, রাজনৈতিক কোনো কর্মসূচি এসএসসি ও সমমান পরীক্ষাকে বাধাগ্রস্ত করবে না বলে আমরা বিশ্বাস করি। তাই পরীক্ষা চলাকালীন সব দল ও ব্যক্তিদের সহিংস কর্মকাণ্ড ও অবরোধ-বিক্ষোভ-হরতাল কর্মসূচি থেকে বিরত থাকার আহ্বান জানাচ্ছি।

অনেক স্কুলে ফরম পূরণ করেও পরীক্ষার্থীরা প্রবেশপত্র পায়নি-এমন অভিযোগের বিষয়ে প্রশ্ন করা হলে শিক্ষামন্ত্রী বলেন, কিছু প্রতিষ্ঠানে অনুমোদন না থাকলেও সেখানে শিক্ষার্থী ভর্তি করিয়ে অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে রেজিস্ট্রেশন করা অভিযোগ রয়েছে। অনেকে প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। অভিযোগগুলো আমরা খতিয়ে দেখছি। এ ধরনের অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী

নওফেল, শিক্ষা সচিব মাহবুব হোসেন, অতিরিক্ত সচিব নাজমুল হোসেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক গোলাম ফারুক প্রমুখ।

সোমবার সকাল ১০ টা থেকে শুরু হয়েছে এসএসসি পরীক্ষা। এবার নিয়মিত-অনিয়মিত মিলে এসএসসি ও সমমান পরীক্ষায় মোট ২০ লাখ ৪৭ হাজার ৭৭৯ জন অংশ নিচ্ছে। এর মধ্যে ১০ লাখ ২২ হাজার ৩৩৬ জন ছাত্র ও ১০ লাখ ২৩ হাজার ৪১৬ জন ছাত্রী। গত বছরের তুলনায় এ বছর পরীক্ষার্থীর সংখ্যা কমেছে। গত বছর মোট পরীক্ষার্থী ছিল ২১ লাখ ৩৫ হাজার ৩৩৩ জন। সেই হিসাবে এবার মোট ৮৭ হাজার ৫৫৪ জন পরীক্ষার্থী কম। এবার সারা দেশে ৩ হাজার ৫১২টি কেন্দ্রে ২৮ হাজার ৮৮৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নিচ্ছে। তবে গত বছরের তুলনায় এবার শিক্ষাপ্রতিষ্ঠান ২০২টি ও কেন্দ্র ১৫টি বেড়েছে।

সুত্র-যুগান্তর

রাজধানীতে মুখোশ পরে আ’লীগের পোলিং এজেন্টকে কুপিয়ে হত্যা

রাজধানীর মোহাম্মদপুরে নির্বাচন পরবর্তী হামলায় আওয়ামী লীগের এক এজেন্ট নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও পাঁচজন।

শনিবার রাত সাড়ে ৮টার দিকে ৩৪ নম্বর ওয়ার্ডের কাটাসুর এলাকার রহিম বেপারী ঘাটে এ ঘটনা ঘটে।

নিহতের নাম সুমন শিকদার (২৪)। তিনি ৩২ নম্বর ওয়ার্ডের আওয়ামী লীগ মনোনীত নবনির্বাচিত কাউন্সিলর সৈয়দ হাসান নূর ইসলাম রাষ্টনের পোলিং এজেন্ট ছিলেন।

সুমন লালমাটিয়া মহিলা কলেজ কেন্দ্রে দায়িত্ব পালন করেছেন।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সুমনসহ ৬ জন রহিম ব্যাপারী ঘাটে দাঁড়িয়ে কথা বলছিলেন। হঠাৎ অর্ধশত যুবক এসে এলোপাতাড়ি কোপাতে থাকে। এতে সুমন আহত হলে তাকে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নেয়া হয়।

পরে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হামলার সময় সবার মুখে মুখোশ পরা ছিল বলে জানা গেছে।

মোহাম্মদপুর থানার ওসি মো. আবদুল লতিফ যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

কী কারণে, কে বা কারা সুমনকে কুপিয়ে হত্যা করেছে তা এখনও জানতে পারেনি পুলিশ।

তবে দুই কাউন্সিলর প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ।

এদিকে সুমনের লাশ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রাখা হয়েছে। আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে বলে

হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে।

জানা গেছে, সুমন সিকদারের বাবা আনোয়ার আহমেদ একজন গাড়িচালক। লালমাটিয়ার ৪/২ ব্লকে তিনি পরিবারের সঙ্গে থাকতেন। এক ভাই ও দুই বোনের মধ্যে সুমন সবার বড়। তাদের গ্রামের বাড়ি লক্ষ্মীপুর জেলার রামগতিতে।

সুত্র-যুগান্তর

জুতার দোকানে আগুন, একই পরিবারের ৫ জন নিহত

মৌলভীবাজারে পৌর শহরে জুতার দোকানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এসময় একই পরিবারের পাঁচজন নিহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে।

মঙ্গলবার বেলা ১১টার দিকে সেন্ট্রাল রোডে পিংকি স্টোর নামে ওই দোকানে আগুন লাগে। তাৎক্ষণিকভাবে নিহতদের বিস্তারিত পরিচয় জানা যায়নি। খবর পেয়ে মৌলভীবাজার ও শ্রীমঙ্গলের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণ করে।

স্থানীয়রা জানান, সুভাষ রায় নামে এক ব্যক্তি দোকানটি পরিচালনা করতেন; তার বাসাও ছিল দোকান লাগোয়া। সেখান থেকেই আগুনের সূত্রপাত হয় বলে জানা যায়। আগুনে দোকান ও বাসা দুটিই ক্ষতিগ্রস্ত হয়েছে।

আগুন লাগার পর ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণ করে। পরে নিহতদের মৃতদেহ উদ্ধার করে মৌলভীবাজার সদর হাসপাতালে মর্গে নিয়ে যায় পুলিশ।

মৌলভীবাজার ফায়ার স্টেশনের ম্যানেজার জানান, আগুনে দগ্ধ হয়ে একই পরিবারের পাঁচজন নিহত হয়েছেন। নিহতদের মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষতির পরিমাণ জানা যায়নি।

সদর থানার ওসি আলমগীর হোসেন জানান, এখন পর্যন্ত পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এদের মধ্যে দুটি শিশুও রয়েছে। তবে তাদের বিস্তারিত পরিচয় পাওয়া যায়নি।

সুত্র-যুগান্তর